


সূত্র নং- এসইসি/মুখপাত্র/২০১১/৭৪৯

তারিখঃ ০৩/০৪/২০১৩ ইং

প্রেস বিজ্ঞপ্তি

৪৭৪ তম কমিশন সভা অদ্য ০৩/০৪/২০১৩ ইং তারিখে কমিশনের সভা কক্ষে চেয়ারম্যান অধ্যাপক ড. এম. খায়রুল হোসেন এর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় অন্যান্যের মধ্যে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছেঃ

১. সভায় কমিশন, ঢাকা স্টক এক্সচেঞ্জ লিঃ এর সুপারিশের প্রেক্ষিতে প্রধান নির্বাহী কর্মকর্তা হিসাবে ডঃ স্বপন কুমার বাল্লা, এফসিএমএ, প্রফেসর, একাউন্টিং ও ইনফরমেশন সিস্টেমস বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় এর নিয়োগ অনুমোদন করেছে।
২. জনাব মোহাম্মদ আব্দুল হান্নান জোয়ারদার, নির্বাহী পরিচালক, বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর আবেদন এবং বাংলাদেশ ইসটিটিউট অব ক্যাপিটাল মার্কেট (BICM) এর সুপারিশের প্রেক্ষিতে BICM -এ নির্বাহী প্রেসিডেন্ট হিসাবে লিয়েন এর মেয়াদ এপ্রিল ০১, ২০১৩ হতে আরও ২ (দুই) বছর বৃদ্ধির প্রস্তাব কমিশন অনুমোদন করেছে।
৩. এছাড়াও পুঁজিবাজারে তালিকাভুক্ত ৩২০টি কোম্পানীর নিকট কমিশন ইতোপূর্বে Corporate Governance Guidelines (CGG) এর অন্যান্য শর্তাবলীর মধ্যে বিশেষতঃ Compliance on Board Size, appointment of Independent Director(s) এবং Constitution of Audit Committee এর বিষয়ে পরিপালনীয় অবস্থান (compliance status) জানতে চায়। বর্ণিত তালিকাভুক্ত কোম্পানীসমূহের মধ্যে ১২৮টি কোম্পানী বর্ণিত তিনটি শর্ত পরিপালন করেছে। ৯১টি কোম্পানী আংশিক শর্তাবলী পরিপূরণ করেছে এবং ১০১ টি কোম্পানী শর্ত পরিপালনে সম্পূর্ণরূপে ব্যর্থ হয়েছে। আজকের সভায় শর্তাবলী পরিপূরণে আংশিক ও সম্পূর্ণরূপে ব্যর্থ তালিকাভুক্ত কোম্পানীসমূহের নিকট ব্যাখ্যা তলব করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে যা উক্ত কোম্পানীসমূহকে পত্র প্রাপ্তির ৭ (সাত) দিনের মধ্যে কমিশনকে জানাতে হবে মর্মেও সিদ্ধান্ত গৃহীত হয়।


০৩/০৪/২০১৩
মোঃ সাইফুর রহমান
নির্বাহী পরিচালক ও মুখপাত্র